

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রতি আসনে ৫১ জনের লড়াই আজ ভর্তি পরীক্ষা শুরু

### ■ ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

আজ ১৮ জানুয়ারি শুরু হচ্ছে ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৩-১৪-শিক্ষাবর্ষে অনার্স প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা। চলবে ২২ জানুয়ারি পর্যন্ত। এই বছর ৫টি অনুষদভুক্ত ৮টি ইউনিটের অধীনে মোট ১৪৬৫ আসনের বিপরীতে ৬৪ হাজার ৫২৯ জন পরীক্ষার্থী আবেদনপত্র সংগ্রহ করেছে। এবার প্রতি আসনের বিপরীতে ভর্তি মুছে দড়বে ৫১ জন শিক্ষার্থী।

ভর্তি পরীক্ষার সময়সূচি : ১৮ জানুয়ারি প্রথম শিফট-এ কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। দ্বিতীয় শিফট-এ অনুষ্ঠিত হবে "এ" ইউনিটের পরীক্ষা। তৃতীয় শিফট-এ অনুষ্ঠিত হবে "এইচ" ইউনিটের ১ হতে ৬,০২৫ পৃষ্ঠা ২ কলাম ৭

### ইসলামী বিশ্ববিদ্যালয়ে

১৬ পৃষ্ঠার পর

রোল পর্যন্ত এবং চতুর্থ শিফট-এ "এইচ" ইউনিটের ৬,০২৬ হতে অবশিষ্ট রোলের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৯ জানুয়ারি প্রথম শিফট-এ অনুষ্ঠিত হবে "বি" ইউনিটের ১ হতে ৬,০২৫, দ্বিতীয় শিফট-এ অনুষ্ঠিত হবে ৬,০২৬ হতে ১২,০৫০ এবং তৃতীয় শিফট-এ অনুষ্ঠিত হবে ১২,০৫১ হতে ১৮,০৭৫ পর্যন্ত এবং চতুর্থ শিফট-এ ১৮,০৭৬ হতে অবশিষ্ট রোলের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২০ জানুয়ারি প্রথম শিফট-এ অনুষ্ঠিত হবে "সি" ইউনিটের ১ হতে ৬,০২৫ পর্যন্ত, দ্বিতীয় শিফট-এ অনুষ্ঠিত হবে ৬,০২৬ হতে ১২,০৫০ পর্যন্ত এবং তৃতীয় শিফট-এ ১২,০৫১ হতে অবশিষ্ট রোলের পরীক্ষা।

২১ জানুয়ারি প্রথম শিফট-এ "ডি" ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। দ্বিতীয় শিফটে "ই" ইউনিটের ১ হতে ৬,০২৫ পর্যন্ত এবং চতুর্থ শিফট-এ ৬,০২৬ থেকে অবশিষ্ট রোলের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া চতুর্থ শিফট-এ "এফ" ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২২ জানুয়ারি প্রথম শিফট-এ "ডি" ইউনিটের ১ হতে ৬,০২৫ পর্যন্ত, দ্বিতীয় শিফট-এ ৬,০২৬ হতে ১২,০৫০ পর্যন্ত, তৃতীয় শিফট-এ ১২,০৫১ হতে অবশিষ্ট রোলধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। চতুর্থ শিফট-এ কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না।